তারিখ 26 MAR 1994
পৃষ্ঠা ২ কলাম ৭

আজকের কাগজ

৫৭

# ডাকসু নির্বাচন তফসিল সংশোধন করা হয়েছে

আগামী ১২ এপ্রিল, ১৯৯৪ তারিখে অনুষ্ঠিতব্য ডাকসু নির্বাচনের তফসিলে কিছুটা রদবদল করা হয়েছে।

গতকাল সন্ধ্যায় ডাকসু নির্বাচনের চীফ রিটার্নিং অফিসার অধ্যাপক এ, কে এম, আবদুল আলীম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ডাকসু নির্বাচন উপদেষ্টা পরিষদের এক সভায় এই পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিবর্তিত তফসিল-অনুযায়ী হল কর্তৃপক্ষ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময় আগামী ২৮ মার্চ সোমবার বিকেল ৪-০০টা পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

বিভিন্ন হলের প্রভোস্ট অফিস থেকে আগামী ২৯ মার্চ, মঙ্গলবার সকাল ১১টা পর্যন্ত মনোনয়নপত্র বিতরণ করা হবে। ঐ দিনই সকাল ১০-০০টা থেকে বেলা ২টা পর্যন্ত যে কোনো হলে ডাকসু রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ করা হবে। হলের ডাকসু রিটার্নি অফিসারগণ, মনোনয়পত্র সমূহ ঐদিন বিকেল ৩টার মধ্যে একটি সীলকৃত কভারে চীফ রিটার্নিং অফিসারের কাছে (উপাচার্যের দফতরে) জমা দিবেন। একই দিন বেলা ৩টা থেকে প্রশাসনিক ভবনের সভা কক্ষে মনোনয়নপত্র বাছাই করা হবে এবং সকল ডাকসু রিটার্নিং অফিসারগণকে বাছাইয়ের সময় চূড়ান্ত ভোটার তালিকাসহ উপস্থিত থাকতে হবে।

আগামী ৩০ মার্চ বুধবার বিকেল ৪টায় বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

আগামী ৩ এপ্রিল রোববার দুপুর ১২টার মধ্যে প্রার্থী-প্রার্থীগণ ডাকসুর চীফ রিটার্নিং অফিসারের কাছে ব্যক্তিগতভাবে পরিচয়পত্রসহ লিখিত ও স্বাক্ষরকৃত আবেদনের মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবে।

আগামী ৪ এপ্রিল, সোমবার বিকেল ৪টায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

নির্বাচনী তফসিলের অন্যান্য ধারা অপরিবর্তিত থাকবে। খবর বিজ্ঞপ্তি'র।